উপজেলা পরিষদ

মোহনগঞ্জ,নেত্রকোণা

বিষয় ঃ মোহনগঞ্জ উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভার তারিখ ও সময় | ঃ | ২৯ জুন-২০২২ খ্রিঃ, বেলা- ১১.৩০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ মিলনায়তন, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| সভাপতি | ঃ | জনাব মোঃ শহীদ ইকবাল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ,মোহনগঞ্জ,নেত্রকোণা । |
| উপস্থিত সদস্য | ঃ | পরিশিষ্ট ''ক'' |

সভাপতি উপস্থিত সদস্যগনকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভার কাজ পরিচালনা করার জন্য জনাব ছাব্বির আহমেদ আকুঞ্জি, উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণাকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সকলকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি মোতাবেক সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

**(১) ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বরাদ্দকৃত অর্থের প্রকল্প গ্রহণঃ-**

ক) উপজেলা প্রকৌশলী, মোহনগঞ্জ, নেত্রকোণা সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) অর্থে পিআইসি ও টেন্ডারে গৃহিত প্রকল্পের কাজ শতভাগ বাস্তবায়িত হয়েছে। বর্তমান ২০২২-২০২৩ অর্থ বছরের কোন বরাদ্দ পাওয়া যায়নি। এবারের বন্যার পানিতে উপজেলার অনেক কাচা/পাকা রাস্তা তলিয়ে গেছে। কয়েকটি ব্রীজ ও ব্রীজের এপ্রোচ ক্ষতিগ্রস্থ হয়েছে। ক্ষতিগ্রস্থ রাস্তা ও ব্রীজের তালিকা প্রনয়নের জন্য প্রকৌশল বিভাগ কাজ করছে বলে তিনি জানান।

খ) উপজেলা প্রকৌশলী, মোহনগঞ্জ, নেত্রকোণা সভায় আরো জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) প্রকল্পের আওতায় নেত্রকোণা জেলার মোহনগঞ্জ উপজেলাধীন ৫০০ আসন বিশিষ্ট অডিটরিয়াম কাম-মাল্টিপারপাস হল রুমের জন্য ০১। ৪০টি স্ট্যান্ড মাইক্রোফোনযুক্ত সাউন্ড সিস্টেম এবং ০২। ০১টি স্কীনসহ, প্রজেক্টর এবং অটোবির ০৮টি টেবিল ক্রয় করা প্রয়োজন। যেহেতু অডিটরিয়ামটি উপজেলা পরিষদের সেহেতু উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে এ প্রকল্প বাস্তবায়ন করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সার্বিক আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্ত ঃ** ১) ২০২২-২০২৩ অর্থ বছরের মোহনগঞ্জ উপজেলাধীন ৫০০ আসন বিশিষ্ট অডিটরিয়াম কাম-মাল্টিপারপাস হলে ৪০টি মাইক্রোফোনের সাউন্ড সিস্টেম সেট সরবরাহ করার জন্য নিম্নবর্ণিত কোটেশন কমিটি/পিআইসি কমিটি গঠন করা হয়ঃ

* চেয়ারম্যান, বড়কাশিয়া-বিরামপুর ইউপি, মোহনগঞ্জ, নেত্রকোণা — আহবায়ক
* উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা — সদস্য
* উপজেলা সমাজসেবা অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা — সদস্য

০২। ২০২২-২০২৩ অর্থ বছরের মোহনগঞ্জ উপজেলাধীন ৫০০ আসন বিশিষ্ট অডিটরিয়াম কাম-মাল্টিপারপাস হল রুমে ০১টি স্কীনসহ, প্রজেক্টর এবং অটোবির ০৮টি টেবিল ক্রয় করার জন্য নিম্নবর্ণিত পিআইসি কমিটি গঠন করা হয়ঃ

* চেয়ারম্যান, সমাজ সহিলদেও ইউপি, মোহনগঞ্জ, নেত্রকোণা — আহবায়ক
* উপজেলা যুব উন্নয়ন অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা — সদস্য
* উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা — সদস্য

(২) বিভাগীয় উন্নয়নমূলক কাজের আলোচনা ঃ-

| ক্রঃ | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী মোহনগঞ্জ, নেত্রকোণা সভায় জানান যে, তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি বলেন, সম্প্রতি উপজেলা পরিষদ কমপ্লেক্সের নতুন ভবন নির্মাণ কাজ শুরু হবে। | উপজেলা পরিষদ কমপ্লেক্সের নতুন ভবন নির্মাণের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী মোহনগঞ্জ,নেত্রকোণা |
| ০২ | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ১ম পর্যায়ে বীরনিবাস নির্মাণ কার্যক্রম চলমান। ২য় পর্যায়ে ২৯টি বীরনিবাস নির্মাণ করার লক্ষ্যে টেন্ডার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। নির্মাণ কাজ চলমান। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, এ বারের বন্যায় অনেক কৃষকের বিভিন্ন বিষয়ে ক্ষতি হয়েছে। সম্প্রতি ক্ষতিগ্রস্থ কৃষকের তালিকা তৈরী করার জন্য কৃষি বিভাগের সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়েছে। সরিষা ও সবজি বীজের উপর ভর্তুকী প্রদান করা হবে। সকলকে এ বিষয়ে সহযোগিতা করার অনুরোধ করেন। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা। |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, মোহনগঞ্জ এর প্রতিনিধি সভায় জানান বন্যা পরবর্তী সময়ে এলাকার সাধারণ মানুষের ডায়রিয়াসহ বিভিন্ন পানিবাহিত রোগ বৃদ্ধি পাচ্ছে। সকলকে সচেতন থাকার অনুরোধ করেন। এছাড়া অফিসের স্বাভাবিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে মর্মেও তিনি জানান। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় এবং পরবর্তী সভায় প্রতিষ্ঠান প্রধানকে উপস্থিত থাকার অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় আলোচনা করা সম্ভব হয় নাই। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয় | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মোহনগঞ্জ, সভায় জানান তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি বলেন, বন্যায় ক্ষতিগ্রস্থ মৎস্য চাষীদের তালিকা প্রনয়ন কর হচ্ছে। তিনি মা মাছ না ধরার বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য সিঃ উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মোহনগঞ্জ । |
| ০৭ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মোহনগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় আলোচনা করা সম্ভব হয় নাই। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ০৮ | মেডিকেল অফিসার (এমসি. এইচ,এফ-পি) | **(এমসি.এইচ. এফ-পি) মেডিকেল বিভাগ ঃ** অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত মেডিকেল অফিসার(এমসিএইচ,এফ-পি.) সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে, কোন সমস্যা নেই । | কাজের ধারা অব্যাহত রাখার জন্য, মেডিকেল অফিসার (এমসি.এইচ. এফ-পি) মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মেডিকেল অফিসার (এমসি.এইচ. এফ-পি) মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় অবহিত করেন যে, বিগত উপজেলা পরিষদ সভার সিদ্ধান্ত মোতাবেক জুলাই ২০২২ মাসের মধ্যে উপজেলাধীন প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে সকল স্তরের প্রতিষ্ঠান প্রধানদের নিয়ে মতবিনিময় সভা করা হবে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মোহনগঞ্জকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মোহনগঞ্জ |
| ১০ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে বলে জানান। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য, উপজেলা শিক্ষা অফিসার, মোহনগঞ্জকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, মোহনগঞ্জ |
| ১১ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | উপসহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য) সভায় জানান জুন/২০২২ মাসের মধ্যে উপজেলার মেরামতযোগ্য ১৬টি টিউবওয়েল ও নতুন বরাদ্দকৃত টিউবওয়েল বসানো সম্পন্ন করা হবে। এছাড়া অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কে অনুরোধ জানানো হয়। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১২ | উপজেলা নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন কর্মকর্তা, মোহনগঞ্জ সভায় জানান ভোটার তালিকা হালনাগাদ কাজ চলমান। উপজেলার প্রত্যেক ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ উপস্থিত সকলকে সহযোগিতা করার অনুরোধ করেন। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা নির্বাচন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ১৩ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মোহনগঞ্জ সভায় জানান যে, উপজেলা পরিষদের ভিতরে জোড়াবাড়ির ভাড়ায় অফিসের কর্মচারীদের বেতন প্রদান করা হয়। জোড়াবাড়ির ০১টি আবাসিক ফ্ল্যাটে প্রাথমিক শিক্ষা বিভাগের কিছু বই রাখার ফলে ফ্ল্যাটটি ভাড়া দেয়া যাচ্ছে না। ফলে অনেক রাজস্ব বঞ্চিত হচ্ছে। জোড়াবাড়ির আবাসিক ভবন থেকে বই সরানোর জরুরি প্রয়োজনীয় ব্যবস্থা নিতে উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। তিনি তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলেও জানান। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | পল্লী বিদ্যুৎ সমিতি | ডিজিএম, নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি, জোনাল অফিস সভায় জানান যে, এ উপজেলায় পঞ্চাশ হাজার গ্রাহকের নিকট প্রায় ৬ কোটি টাকা বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। হাসপাতাল কমপ্লেক্স ও উপজেলা পরিষদসহ উপজেলার সকল গ্রাহকের বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। এছাড়া তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | কাজের ধারা অব্যাহত রাখার জন্য ডিজিএম, নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, মোহনগঞ্জ। |
| ১৫ | প্রতিবন্ধী বিষয়ক অফিস | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা সভায় তাঁর অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে জানান। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, মোহনগঞ্জ। |
| ১৬ | জাইকা প্রকল্প | সভায় ইউডিএফ, ইউডিডিপি, এলজিডি, মোহনগঞ্জ বলেন, প্রকল্পের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য ইউডিএফ, ইউডিডিপি, এলজিডি, অনুরোধ জানানো হয়। | ইউডিএফ, ইউডিডিপি,এলজিডি, |
| ১৭ | বড়কাশিয়া-বিরামপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বড়কাশিয়া-বিরামপুর ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, ৫০০ আসন বিশিষ্ট অডিটরিয়ামের এসি সঠিকভাবে কাজ করছে না। তিনি বলেন, বন্যা পরবর্তী কৃষকের বীজতলা তৈরীর জন্য বিনামূল্যে সার ও বীজ সরবরাহের অনুরোধ করেন। তিনি আরো বলেন, জনস্বাস্থ্য অফিসের তত্ত্বাবধানে গভীর নলকূপগুলি সঠিকভাবে বসানো হচ্ছে না। কিছু নলকূপ বসানোর কিছুদিনের মধ্যেই বন্ধ হয়ে গেছে। এরুপ নলকূপগুলি জরুরিভিত্তিতে পুনরায় স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ১৮ | বড়তলী-বানিয়াহারী ইউনিয়ন পরিষদ | সভায় চেয়ারম্যান, বড়তলী-বানিয়াহারী ইউনিয়ন পরিষদ বলেন, ইউনিয়ন পরিষদের জন্ম মৃত্যু নিবন্ধন কাজসহ অন্যান্য স্বাভাবিক কার্যক্রম সঠিকভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য চেয়ারম্যান, বড়তলী-বানিয়াহারী ইউনিয়ন পরিষদ, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয় । | চেয়ারম্যান, বড়তলী-বানিয়াহারী ইউনিয়ন পরিষদ, |
| ১৯ | তেতুলিয়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, তেতুলিয়া ইউনিয়ন পরিষদ অফিসের স্বাভাবিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে বলে সভায় জানান। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য চেয়ারম্যান, তেতুলিয়া ইউনিয়ন পরিষদকে অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান, তেতুলিয়া ইউনিয়ন পরিষদ |
| ২০ | সুয়াইর ইউনিয়ন পরিষদ | সভায় চেয়ারম্যান, সুয়াইর ইউনিয়ন পরিষদ বলেন, ইউনিয়ন পরিষদের জন্ম মৃত্যু নিবন্ধন, গ্রাম আদালতসহ স্বাভাবিক কার্যক্রম সঠিকভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য চেয়ারম্যান, সুয়াইর ইউনিয়ন পরিষদ, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয় । | চেয়ারম্যান, সুয়াইর ইউনিয়ন পরিষদ, |

(৩) বিবিধ ঃ (ক) সভায় উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা জানান, জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ে পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সচিবগণকে গত ১ বছরের জন্ম গ্রহণকারী সকল শিশুর তালিকা প্রণয়ন পূর্বক জন্ম নিবন্ধন সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। অনুরুপভাবে মৃত্যুর সংবাদ পাওয়ার সাথে সাথে দ্রুততার সাথে মৃত্যু নিবন্ধন সম্পন্ন করতে হবে। জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন সম্পন্ন করার জন্য কার্যকরী উদ্যোগ গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

খ) সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, উপজেলা পরিষদের কর্মকর্তা-কর্মচারীদের আবাসিক ভবন, ডরমেটরী ভবন ও ফ্লাড সেন্টারে বসবাস করার ফলে নির্ধারিত ভাড়ার টাকা দীর্ঘদিন যাবৎ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে জমা করা হচ্ছে না। ফলে উপজেলা রাজস্ব তহবিলে অর্থ সংকটসহ উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ করা যাচ্ছে না। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সার্বিক আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের কর্মকর্তা-কর্মচারীদের আবাসিক ভবন, ডরমেটরী ভবন ও ফ্লাড সেন্টারে বসবাস করার ফলে নির্ধারিত ভাড়ার হিসাব জরুরিভিত্তিতে দাখিল করার জন্য উপজেলা হিসাবরক্ষণ অফিসার, মোহনগঞ্জকে অনুরোধ করা হয় এবং বসবাসকারীদের বাড়ি ভাড়ার টাকা বিল হতে কর্তন/ উপজেলা রাজস্ব তহবিলে জমা প্রদানের প্রমাণ দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে পত্র দেয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।

CS CamScanner

গ) সভায় উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা জানান, উপজেলা পরিষদের অভ্যন্তরে কমপ্লেক্স ভবন নির্মাণ স্থলে কয়েকটি গাছ কর্তনের বিষয়ে বিধি মোতাবেক প্রতিনিধি মনোনয়নের জন্য জেলা প্রশাসক, নেত্রকোণা মহোদয় বরাবরে পত্র দেয়া হলে জেলা প্রশাসক, নেত্রকোণা মহোদয় কার্যালয়ের ১২ জুন ২০২২ তারিখের ০৫.৪৫.৭২০০.০১১.৩৮.০০২.১৬.৪৭ নং স্মারক মূলে জেলা প্রশাসক মহোদয়ের প্রতিনিধি হিসেবে সহকারী কমিশনার(ভূমি), মোহনগঞ্জকে মনোনীত করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সার্বিক আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদ ম্যানুয়ালে বর্ণিত কমিটি কর্তৃক বিক্রয়যোগ্য গাছের প্রাক্কলন প্রস্তুত পূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।

ঘ) মে/২০২২ মাসের উপজেলা পরিষদ সভার পর থেকে ২৮.০৬.২০২২ খ্রিঃ পর্যন্ত উপজেলা পরিষদ সভায় উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যনগণের সম্মানী ভাতা, বাড়ী ভাড়া ভাতা, ভ্রমণ ভাতা, উপজেলা পরিষদের আপ্যায়ন, আনুষঙ্গিক খরচ, মালীর মজুরী এবং অন্যান্য আনুষঙ্গিক বিল পরিশোধের বিষয় সভায় উপস্থাপন করা হয়। উল্লেখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত বিল পরিশোধে সর্বসম্মতিক্রমে অনুমোদন/ব্যয়োত্তর অনুমোদন দেয়া হয়।

| ক্রঃনং | ব্যয়ের বিবরণী | পরিমাণ |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার মে/২০২২ সম্মানী ও বাড়ী ভাড়া ভাতা। | ৪৫,০০০/- |
| ০২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার এপ্রিল ২০২২ মাসের ভ্রমণ বিল। | ১১,২৫০/- |
| ০৩ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার মে/২০২২ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ০৪ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার এপ্রিল/২০২২ মাসে ভ্রমণ বিল। | ৭,৫০০/- |
| ০৫ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার মে/২০২২ মাসের সম্মানী। | ২৭,০০০/- |
| ০৬ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার এপ্রিল ২০২২ ভ্রমণ বিল। | ৭,৫০০/- |
| ০৭ | উপজেলা পরিষদের মালীর মে/২০২২ মাসের মজুরী প্রদান। | ৯০০০/- |
| ০৮ | উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের অফিসের মে/২০২২ মাসের সভার আপ্যায়ন,আনুষঙ্গিক ব্যয়। | ২০.০০০/- |
| ০৯ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের মে/২০২২ মাসের দৈনন্দিন আপ্যায়ন, পরিষদ সভা, আইন শৃঙ্খলা সভাসহ বিভিন্ন সভার আপ্যায়ন। | ১৫,০০০/- |
| ১০ | উপজেলা পরিষদের ষ্ট্যান্ডিং কমিটির মে/২০২২ মাসের সভার আপ্যায়ন ও আনুষঙ্গিক ব্যয়। | ৮,০০০/- |
| ১১ | উপজেলা পরিষদের ১৪২৮ বাংলা সনের ভূমি উন্নয়ন কর বাবদ ব্যয় | ৮৩২০/- |
| ১২ | জুলাই/২১ হতে মে ২০২২ পর্যন্ত ০২টি পত্রিকার বিল বাবদ ব্যয় | ৭৬৭০/- |
| ১৩ | উপজেলা পরিষদের হল রুম, পানির পাম্প ও আনসার ব্যারাকের বিদ্যুৎ বিল বাবদ ব্যয়। | ১১০৩৮৫/- |
| ১৪ | উপজেলা পরিষদের ২০২০-২০২১ এবং ২০২১-২১২২ অর্থ বছরের পৌরকর বিল বাবদ ব্যয়। | ৪,০০,০০০/- |
| ১৫ | উপজেলা পরিষদ কার্যালয়ের বিদ্যুৎ বিল বাবদ ব্যয়। | ৫৭১৩/- |
| ১৬ | উপজেলা পরিষদ কার্যালয়ের টেলিফোন বিল বাবদ ব্যয়। | ২০৭৬/- |
| ১৭ | বন্যায় ক্ষতিগ্রস্থ পরিবারকে ত্রাণ বিতরণের জন্য উপজেলা পরিষদে অপ্রত্যাশিত খাতের অর্থ ব্যয়। | ২,০০,০০০/- |
| ১৮ | পত্রিকার বিজ্ঞাপন বিল বাবদ ব্যয় | ২৬৫৯৭/- |
| ১৯ | উপজেলা পরিষদের জীপগাড়ির জ্বালানী বাবদ ব্যয়। | ৬১০৪১/- |
| ২০ | উপজেলা পরিষদের জীপগাড়ির রক্ষনাবেক্ষন বাবদ ব্যয়। | ৩,৬৯১৫০/- |
| ২১ | উপজেলা পরিষদের কম্পিউটার সামগ্রী সরবরাহ বাবদ ব্যয়। | ২৪৯০০/- |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ শহীদ ইকবাল)
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মোহনগঞ্জ, নেত্রকোণা।

CS CamScanner

কার্যবিবরণী নং- ০৫.৪৫.৭২৬৩.০০০.০৬.০০১.২০- ৫৯২(৪০) তারিখঃ ২৯.০৬.২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ-

০১. মাননীয় সংসদ সদস্য, মদন-মোহনগঞ্জ ও খালিয়াজুরী নির্বাচনী এলাকা ১৬০- নেত্রকোণা-৪ ।
০২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৪. চেয়ারম্যান,উপজেলা পরিষদ,মোহনগঞ্জ, নেত্রকোণা।
০৫. মেয়র, মোহনগঞ্জ পৌরসভা, মোহনগঞ্জ ,নেত্রকোণা।
০৬. সিনিয়র সহকারী সচিব,স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,মোহনগঞ্জ, নেত্রকোণা।
০৮. উপজেলা ..............................................................অফিসার,মোহনগঞ্জ,নেত্রকোণা।
০৯. চেয়ারম্যান,.............................................................ইউ,পি (সকল), মোহনগঞ্জ, নেত্রকোণা।
১০. সংরক্ষণ নথি।

২৯/০৬/২২
(ছাব্বির আহমেদ আকুঞ্জি)
উপজেলা নির্বাহী অফিসার
মোহনগঞ্জ, নেত্রকোণা
ফোন: ০৯৫২৪-৫৬০১০
ই-মেইল: unomohonganj@yahoo.com

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| ক্রঃ নং | উপস্থিত সদস্যগণ |
|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ০২ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঐ |
| ০৩ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঐ |
| ০৪ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ঐ |
| ০৫ | সিঃ উপজেলা মৎস্য অফিসার, ঐ |
| ০৬ | উপজেলা কৃষি অফিসার, ঐ |
| ০৭ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, ঐ |
| ০৮ | উপজেলা প্রকৌশলী, ঐ |
| ০৯ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, ঐ |
| ১০ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ঐ |
| ১১ | উপজেলা শিক্ষা অফিসার, ঐ |
| ১২ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঐ |
| ১৩ | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক অফিসার, ঐ |
| ১৪ | ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুদ সমিতি, ঐ |
| ১৫ | উপজেলা নির্বাচন অফিসার, ঐ |
| ১৬ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, ঐ |
| ১৭ | উপঃ সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য) ঐ |
| ১৮ | ইউডিএফ, ইউডিডিপি, এলজিডি, ঐ |
| ১৯ | চেয়ারম্যান, বড়কাশিয়া বিরামপুর ইউপি, ঐ |
| ২০ | চেয়ারম্যান, বড়তলী-বানিয়াহারী ইউপি, ঐ |
| ২১ | চেয়ারম্যান, তেতুলিয়া ইউপি, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ২২ | চেয়ারম্যান, সুয়াইর ইউপি, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ২৩ | মেডিকেল অফিসার, এসসিএইচএফপি, ঐ |
| ২৪ | রোজিনা আক্তার, সংরক্ষিত আসনের সদস্য, উপজেলা পরিষদ, ঐ |

| ক্রঃ নং | অনুপস্থিত সদস্যগণ |
|---|---|
| ০১ | মেয়র, মোহনগঞ্জ পৌরসভা, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ০২ | উপজেলা সমাজসেবা অফিসার, ঐ |
| ০৩ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ঐ |
| ০৪ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, ঐ |
| ০৫ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, ঐ |
| ০৬ | উপজেলা সমবায় অফিসার, ঐ |
| ০৭ | সাবরেজিস্ট্রার, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ০৮ | উপজেলা পাট উন্নয়ন অফিসার, ঐ |
| ০৯ | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার, ঐ |
| ১০ | উপজেলা পরিসংখ্যান অফিসার, ঐ |
| ১১ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মোহনগঞ্জ, ঐ। |
| ১২ | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, ঐ |
| ১৩ | ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ঐ |
| ১৪ | তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, ঐ |
| ১৫ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ঐ |
| ১৬ | চেয়ারম্যান, মাঘান সিয়াধার ইউপি, মোহনগঞ্জ, ঐ। |
| ১৭ | চেয়ারম্যান, সমাজ সহিলদেও ইউপি, মোহনগঞ্জ, ঐ। |
| ১৮ | চেয়ারম্যান, গাগলাজুর ইউপি, মোহনগঞ্জ, নেত্রকোণা। |

CamScanner